# পরিবেশ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫১৯ তম সভার কার্যবিবরণী

গত ২৯-৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটির আহবায়ক ও পরিবেশ অধিদপ্তরের পরিচালক (পরিবেশগত ছাড়পত্র) জনাব মাসুদ ইকবাল মোঃ শামীম এর সভাপতিত্বে অধিদপ্তরের সভাকক্ষে পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটির ৫১৯ তম সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

সভার আলোচ্যসূচি অনুযায়ী কমিটির সদস্যসচিব পরিবেশ অধিদপ্তরের সদর দপ্তর, বিভিন্ন বিভাগীয়/অঞ্চল, মহানগর ও জেলা কার্যালয় হতে প্রাপ্ত লাল ও প্রযোজ্য কমলা শ্রেণির শিল্প প্রতিষ্ঠান/ প্রকল্পসমূহের ছাড়পত্র বিষয়ক প্রস্তাবনা/ নথিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। প্রত্যেকটি বিষয়ে কমিটির উপস্থিত সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় উপস্থাপিত বিভিন্ন বিষয়ের ওপর আলোচনা ও পর্যালোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সুপারিশ গৃহীত হয়:

## (ক) পরিবেশগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (লাল শ্রেণি)

১. **ভ্যালেন্ট টেক লিমিটেড, প্লট নং এস-৫, এস-৬, এ-৩৯, বি-৩ এবং বি-৪, বিসিক শিল্প এলাকা, কালামপুর, ধামরাই, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বালাইনাশক ফর্মুলেশন ও রিপ্যাকিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ওঅন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে ঢাকা জেলা কার্যালয় থেকে গত ১৯/১১/২০১২ তারিখে ৩০.২৬.১৪.৪.৫৯.২৩০৫১২/ছাড়-৩৬ সংখ্যক স্মারকে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রটি বাতিলপূর্বক ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র শুধুমাত্র মাসিক সর্বোচ্চ ৫০ টন কীটনাশক, আগাছানাশক ও ছত্রাকনাশক রিপ্যাকিং ও ফর্মুলেশন-এর জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট যে কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় ফর্মুলেশন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ঘণ্টায় ৫০০ লিটার ও রিপ্যাকিং ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ঘণ্টায় ১০০০ লিটার ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। ইটিপি দুইটি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) কারখানার বিভিন্ন উৎস হতে সৃষ্ট তরলবর্জ্য পরিশোধন করে পুনব্যবহার করতে হবে। পুনব্যবহারের অনুপযোগী তরলবর্জ্য বাষ্পীভবনের মাধ্যমে অপসারণ করতে হবে। স্লাজ ও কীটনাশকযুক্ত কঠিন বর্জ্য নিয়ন্ত্রিত ইনসিনারেশন এর মাধ্যমে পুড়িয়ে ৮০ ফুট উচ্চতার চিমনীর মাধ্যমে পরিত্যাজন করতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয়মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপি দুইটির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, COD ও TSS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) ইএমপি ফরম্যাটে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স সর্বদা কার্যকরীভাবে চালু রাখতে হবে।

চ) কীটনাশক ফর্মুলেশন ও রিপ্যাকিং স্বয়ংক্রিয় পদ্ধতিতে করতে হবে, ম্যানুয়ালি করা যাবে না।

ছ) রাসায়নিক দ্রব্য পরিবহন, গুদামজাতকরণ ও ব্যবহারের জন্য Standard Precaution & Safety ম্যানুয়্যাল অনুসরণ করতে হবে।

জ) কারখানায় রাসায়নিক দ্রব্যের ব্যবহার সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে। পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক পরিদর্শনকালে উক্ত রেজিস্টার প্রদর্শন করতে হবে।

ঝ) বিশ্ববিদ্যালয়ের ডিগ্রিপ্রাপ্ত রসায়নবিদ বা Chemical Engineer ছাড়া কারখানার উৎপাদন পরিচালনা করা যাবে না।

ঞ) উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট বায়বীয় বর্জ্য ডাস্ট কালেক্টরের মাধ্যমে সংগ্রহ করতে হবে এবং তা ইনসিনারেটরের মাধ্যমে পুড়িয়ে ফেলতে হবে। এ ক্ষেত্রে বায়বীয় নিঃসরণমাত্রা বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে। নির্গমনের মাত্রা বিধিবদ্ধ মানমাত্রার অধিক হলে কারখানায় স্ক্র্যাবার স্থাপন ও সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে। কারখানার মেঝে ভ্যাকিউম ক্লিনার দ্বারা পরিষ্কার করতে হবে।

ট) কারখানায় স্থাপিত জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রি করা যাবে না।

ঠ) কারখানায় উৎপাদিত পণ্যের গুণগতমান যথাযথ কী না সে বিষয়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে ছাড়পত্র গ্রহণ করতে হবে। কৃষিসম্প্রসারণ অধিদপ্তর-এর ছাড়পত্র ব্যতিরেকে পরিবেশগত ছাড়পত্র নবায়ন করা যাবেনা।

ড) কারখানার কাঁচামাল বহনকারী খালি ড্রাম বা কনটেইনার Tripple rinse পদ্ধতিতে দূষণমুক্ত ও পুনঃব্যবহারের অনুপযোগী করে এবং প্রযোজ্য ক্ষেত্রে স্ক্র্যাপকরে (ধাতব ড্রামের ক্ষেত্রে) পুনঃপ্রক্রিয়াকরণকারী প্রতিষ্ঠানের নিকট বিক্রি করতে হবে।

ঢ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ণ) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্ল্যাভস, সেফটিগ্লাস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ত) কারখানা চত্বরের ন্যুনতম ৩৩% জায়গা উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

থ) ইটিপি নির্মাণসহ ইএমপি প্রতিবেদনে উল্লিখিত সকল মিটিগেশন মেজারস বাস্তবায়ন করে কারখানা চালুর পূর্বে অত্র দপ্তরকে অবহিত করতে হবে। পরিবেশ অধিদপ্তরকে অবহিত না করে কারখানার উৎপাদন কার্যক্রম চালু করা যাবে না।

দ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ধ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

২. **নিটেক্স ড্রেসেস লিমিটেড; গোড়াই, মির্জাপুর, টাঙ্গাইল** (প্রকল্প কার্যক্রম: নিট ফেব্রিক্স ডাইং ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে টাঙ্গাইল জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৯০ টন নিট ফেব্রিক্স ডাইং ও ওয়াশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ৩০০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট (যেমন: ডাইং) বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (Temperature, Color, pH, $BOD_5$, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে স্থাপিত ফ্লো মেজারিং ডিভাইস সর্বদা কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্থাপিত স্লাজ ডিওয়াটারিং সিস্টেম যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) ETP'র স্লাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করে আগামী ৩(তিন) মাসের মধ্যে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

জ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঞ) আগামী ৬(ছয়) মাসের মধ্যে STP ড্রইং, ডিজাইন এবং ক্যালকুলেশন দাখিল করতে হবে।

ট) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঠ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ড) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঢ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ণ) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ত) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

থ) আগামী ৬(ছয়) মাসের মধ্যে Water recycle and reuse করার জন্য জিরো ডিসচার্জ প্ল্যান দাখিল করতে হবে।

দ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ধ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৩. **স্কয়ার এ্যাপারেলস লিমিটেড, জামিরদিয়া, ভালুকা, ময়মনসিংহ** (প্রকল্প কার্যক্রম: গ্রে-ফেব্রিক উইভিং, ডাইং, ইয়ার্ন ডাইং, প্রিন্টিং, অ্যামব্রয়ডারি, ওভেন গার্মেন্টস ওয়াশিং ও বিদ্যুৎ উৎপাদন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে ময়মনসিংহ জেলা কার্যালয় কর্তৃক গত ০৫/১০/২০১৭ তারিখে ২২.০২.৬১০০.১৪২.৭২.০২.১৫.১৬ সংখ্যক স্মারকমূলে জারীকৃত পরিবেশগত ছাড়পত্র বাতিলপূর্বক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনসহ পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ১১.২০ টন সলিড ডাইং, ১০ টন ইয়ার্ন ডাইং, ১১.২০ টন ইয়ার্ন ডায়েড ফেব্রিক্স, ৯.৫০ টন প্রিন্টিং, ৭.৫০ টন গার্মেন্টস ওয়াশিং ও ৫টি জেনারেটরের মাধ্যমে মোট ৫.৬৩২ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ২০০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট (যেমন: ডাইং) বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (Temperature, Color, pH, $BOD_5$, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে স্থাপিত ফ্লো মেজারিং ডিভাইস সর্বদা কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্থাপিত ফিল্টার প্রেস যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) ETP'র স্লাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করে আগামী ৩(তিন) মাসের মধ্যে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

জ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঞ) জেনারেটরগুলো হতে গ্যাসীয় পদার্থের নিঃসরণ ($NO_x$) এবং বস্তুকণার (Particulate Matters) নির্গমন বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২-এর তফসিল-৫(১) এ উল্লিখিত মানমাত্রার মধ্যে হতে হবে। যে কোনো সময় তাৎক্ষণিক সংগৃহীত নমুনায় এই মানমাত্রা অতিক্রম হতে পারবে না।

ট) জেনারেটরের সীমানা প্রাচীরের সন্নিকটে শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ এর তফসিল-১ এ উল্লিখিত মানমাত্রায় থাকতে হবে।

ঠ) বিদ্যুৎ কেন্দ্র সৃষ্ট Residual Filtrate অথবা তেলমিশ্রিত বর্জ্য কোনো জলাশয়ে ফেলা যাবে না।

ড) আগামী ৬(ছয়) মাসের মধ্যে STP ড্রইং, ডিজাইন এবং ক্যালকুলেশন দাখিল করতে হবে।

ঢ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ণ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ত) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

থ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

দ) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ধ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;

ন) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে এ ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;

প) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

ফ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ব) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

## (খ) পরিবেশগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (কমলা শ্রেণি)

১. **ভেগান ফুড এন্ড বেভারেজ লি:, বারমাইল, বাহিরচর, ভেড়ামারা, কুষ্টিয়া** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সফট ড্রিংক পাওডার ও লিকুইড আর্টিফিসিয়াল ফ্লেভারড ড্রিংক প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে কুষ্টিয়া জেলা কার্যালয় হতে নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ২০০ কেজি সফট ড্রিংক পাউডার ও ৯ টন লিকুইড আর্টিফিসিয়াল ফ্লেভারড ড্রিংক প্রস্তুত কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ১০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এর তফসিল ৫ এর ৭ নং ক্রমিকে উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ঙ) ETP'র স্লাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করে আগামী ৩(তিন) মাসের মধ্যে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

চ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ছ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

জ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঝ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ঞ) কারখানায় উৎপাদিত পন্যের গুণগতমান নিশ্চিতকল্পে BSTI বা সংশ্লিষ্ট সংস্থা হতে সার্টিফিকেট গ্রহণ করতে হবে। উক্ত সার্টিফিকেট ব্যতীত পরিবেশগত ছাড়পত্র নবায়ন করা হবে না।

ট) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঠ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ড) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ঢ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

ণ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

থ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

২. **ইনসেপটা ফার্মাসিউটিক্যালস লিমিটেড-ধামরাই ইউনিট (ইউনিট ৯, ১০ এবং ১৩), কৃষ্ণাপুরা, সাহাবেলীশ্বর, ধামরাই, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: শ্যাম্পু, মাউথওয়াশ, স্যানিটাইজার, স্টেরাইল হরমোন প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রতিষ্ঠানের অনুকূলে ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র শ্যাম্পু, মাউথওয়াশ, স্যানিটাইজার, স্টেরাইল হরমোন ফর্মুলেশন প্রক্রিয়ায় ঔষধ প্রস্তুত কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। কারখানার উৎপাদন বৃদ্ধি, বাণিজ্যিক উৎপাদন, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট যে কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ১৫০ ঘনমিটার/ দিন ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য কারখানার বাহিরে নির্গমন করা যাবে না, পুনর্ব্যবহার করতে হবে।

গ) ইটিপি'র Flash Mixture and Flocculation Tank -এর ডোজিং এবং pH Correction অটোমেটিক পদ্ধতির করতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ (দুই) বার ইটিপি'র তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, $BOD_5$, COD ও TSS) সংগ্রহপূর্বক পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে এবং তার রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) ETP'র স্লাজ Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে ব্যবস্থাপনা করতে হবে।

ছ) ইএমপি প্রতিবেদনে উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

জ) ডমেস্টিক তরল বর্জ্য পরিশোধন ও অপসারণের ক্ষেত্রে সেপটিক ট্যাংক ও সোকওয়েল ব্যবহার করতে হবে।

ঝ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঞ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ট) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঠ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ড) কারখানার বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে দৈনিক ভিত্তিতে রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ঢ) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটি গ্লাস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। শ্রমিকদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করতে হবে এবং এতদসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ণ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ত) কারখানার শব্দ নির্গমণ মাত্রা শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

থ) আগামী ৬ (ছয়) মাসের মধ্যে এসটিপি'র ড্রইং, ডিজাইন ও ক্যালকুলেশন দাখিল করতে হবে।

দ) বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

ধ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ন) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৩. **ট্রপিক্যাল ওয়াশিং, বি-৩০৬/১, চৌধুরী বাড়ি, ভোগড়া, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রেডিমেড গার্মেন্টস (ডেনিম, টুইল) ও টি শার্ট ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৩ টন রেডিমেড গার্মেন্টস (ডেনিম, টুইল) ও টি শার্ট ওয়াশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ১০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, $BOD_5$, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে স্থাপিত ফ্লো মেজারিং ডিভাইস সর্বদা কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্লাজ ড্রাইং বেড যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) ETP'র স্ল্যাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করে আগামী ৩(তিন) মাসের মধ্যে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

জ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঞ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ট) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ঠ) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ড) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ঢ) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ণ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

ত) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

থ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৪. **সপুরা সিল্ক মিলস লিমিটেড; প্লট নং-বি-৬৮-৭৪, বিসিক, সপুরা, রাজশাহী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সিল্ক বস্ত্র ডাইং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে রাজশাহী বিভাগীয় কার্যালয় কর্তৃক গত ০৮/০৮/২০০৫ তারিখে পরিবেশ/রাবি/ছাড়পত্র(সিল্ক মিল)-৪৮৩০/২০০৫/১২৬২ সংখ্যক স্মারকমূলে জারীকৃত পরিবেশগত ছাড়পত্র বাতিলপূর্বক রাজশাহী জেলা কার্যালয় কর্তৃক গত নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৫০ পিস সিল্ক বস্ত্র ডাইং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ০.৩ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট (যেমন: ডাইং) বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (Temperature, Color, pH, $BOD_5$, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে স্থাপিত ফ্লো মেজারিং ডিভাইস সর্বদা কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্লাজ ড্রাইং বেড যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) ETP'র স্লাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করে আগামী ৩(তিন) মাসের মধ্যে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

জ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঞ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ট) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ঠ) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ড) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ঢ) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ণ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

ত) আগামী ৬(ছয়) মাসের মধ্যে Water recycle and reuse করার জন্য জিরো ডিসচার্জ প্ল্যান দাখিল করতে হবে।

থ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

দ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৫. **ডং ব্যাং টেক্সটাইলস লিমিটেড, উলুসাড়া, বারৈইপাড়া, কালিয়াকৈর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সুতা রংকরণ ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৭ টন সুতা ডাইং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ৬০০০ ঘনমিটার/দিন ক্ষমতাসম্পন্ন কমন তরল বর্জ্য পরিশোধনাগার (সিইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (Color, pH, $BOD_5$, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে স্থাপিত ফ্লো মেজারিং ডিভাইস সর্বদা কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য গৃহীত ব্যবস্থা যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) ETP'র স্লাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করে আগামী ৩(তিন) মাসের মধ্যে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

জ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঞ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ট) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ঠ) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ড) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ঢ) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ণ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

ত) আগামী ৬(ছয়) মাসের মধ্যে Water recycle and reuse করার জন্য জিরো ডিসচার্জ প্ল্যান দাখিল করতে হবে।

থ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

দ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৬. **কাজী ফার্মস লিমিটেড; (ইউনিট-৪৯), আউশনারা, মধুপুর, টাঙ্গাইল** (শিল্প/প্রকল্প কার্যক্রম: জৈব সার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে টাঙ্গাইল জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র মুরগীর বিষ্ঠা ও লিটার হতে দৈনিক সর্বোচ্চ ১০ মেট্রিক টন জৈব সার প্রস্তুতের জন্য প্রযোজ্য হবে। প্রকল্পের সম্প্রসারণ বা কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) জৈব সার উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট লিচেট সংগ্রহপূর্বক পুনব্যবহার করতে হবে, পরিবেশ নির্গমণ করা যাবেনা।

খ) প্রকল্পের কর্মকান্ড ও প্রক্রিয়া দ্বারা কোনোভাবে পারিপার্শ্বিক পরিবেশ (মাটি, পানি, বায়ু ও শব্দ) দূষণ করা যাবে না।

গ) ইএমপি প্রতিবেদনে উল্লিখিত সকল মিটিগেশন মেজার্স সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানার উৎপাদন প্রক্রিয়ার ফলে সৃষ্ট গন্ধ নিঃসরণে স্থাপিত অ্যারেশন ব্যবস্থাসহ অন্যান্য সকল ব্যবস্থা কার্যকরভাবে চালু রাখতে হবে।

ঙ) শব্দ ও বায়ু দূষণ বিধিবদ্ধ মাত্রায় নিয়ন্ত্রণ সাপেক্ষে ডিজেল/গ্যাসভিত্তিক জেনারেটর ব্যবহার করতে হবে।

চ) জেনারেটরের Spent lubricating oil পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ছ) প্রকল্পের চারপাশের উন্মুক্ত জায়গায় উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগাতে হবে।

জ) প্রকল্পের সম্মুখে যাতে যানযটের সৃষ্টি না হয় সে লক্ষে নিজস্ব লোকবল নিয়োজিত করতে হবে।

ঝ) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। হোটেলের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করতে হবে এবং এতদসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ঞ) পরিবেশগত ব্যবস্থাপনার জন্য প্রশিক্ষিত জনবল রাখতে হবে।

ট) প্রকল্পের জন্য Green Concept সমূহ যথাযথভাবে মেনে চলতে হবে।

ঠ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ড) তরল/বায়বীয় বর্জ্যের নিঃসরণ/নির্গমনমাত্রা যথাক্রমে শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ -এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ঢ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৭. **সেগ ফ্যাশন লিমিটেড; ১৬৭/৫, মুদাফা পশ্চিম পাড়া, কাকিল সাতাইশ, টঙ্গী, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফেব্রিক্স নিটিং, প্রিন্টিং, ওয়াশিং ও রেডিমেইড গার্মেন্টস প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য কারখানার অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৩০০০ পিস ফেব্রিক্স নিটিং, প্রিন্টিং, ওয়াশিং ও রেডিমেইড গার্মেন্টস প্রস্তুত কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ৪ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট

অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট (যেমন: ডাইং) বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) কারখানা সৃষ্ট তরল বর্জ্য অপরিশোধিত অবস্থায় কোনক্রমেই পরিবেশে নির্গমণ করা যাবেনা।

ঘ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঙ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, $BOD_5$, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

চ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে স্থাপিত ফ্লো মেজারিং ডিভাইস সর্বদা কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ছ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্লাজ ড্রাইং বেড যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

জ) ETP'র স্ল্যাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করে আগামী ৩(তিন) মাসের মধ্যে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঝ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঞ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ট) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঠ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ড) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঢ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ণ) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ত) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

থ) আগামী ৬(ছয়) মাসের মধ্যে Water recycle and reuse করার জন্য জিরো ডিসচার্জ প্ল্যান দাখিল করতে হবে।

দ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ধ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৮. **নজরুল এন্ড ব্রাদার্স, কাঁচপুর, সোনারগাঁও, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: আলকাতরা ও ন্যাপথালিন প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটি কর্তৃক প্রকল্পটি সরজমিন পরিদর্শনের সুপারিশ গৃহীত হয়। পর্যালোচনান্তে, আলোচ্য নজরুল এন্ড ব্রাদার্স (ইউনিট-০২) নামক কারখানার নাম সংশোধন করে নজরুল এন্ড ব্রাদার্স এর অনুকূলে নারায়নগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক ১০০ টন আলকাতরা ও ১ টন ন্যাপথলিন উৎপাদন কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরে পূর্বানুমতি/ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) ইএমপি প্রতিবেদনে উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

গ) কারখানা হতে সৃষ্ট বায়বীয় নিঃসরণ ব্যাগ ফিল্টার ও স্ক্র্যাবারের মাধ্যমে পরিশোধনপূর্বক ৪৬ ফুট উচু চিমনির মাধ্যমে নিঃসরণ করতে হবে।

ঘ) কারখানার Volatile Organic Compound (VOC) নিঃসরণ নিয়ন্ত্রণ ব্যবস্থা যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ঙ) কারখানার উৎপাদিত পণ্য একটি আবদ্ধ ঘরে সংরক্ষণ করতে হবে।

চ) ডমেস্টিক তরল বর্জ্য পরিশোধন ও অপসারণের ক্ষেত্রে সেপটিক ট্যাংক ও সোকওয়েল ব্যবহার করতে হবে।

ছ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

জ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঝ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে।

ঞ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে দৈনিক ভিত্তিতে রেকর্ড সংরক্ষণ করতে হবে। প্রতি তিন মাস অন্তর সংরক্ষিত রেকর্ডের সারসংক্ষেপ রিপোর্ট আকারে পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ট) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। শ্রমিকদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করতে হবে এবং এতদসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ঠ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ড) কারখানার শব্দ নির্গমন মাত্রা শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ঢ) বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

ণ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ত) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ প্রদত্ত ক্ষমতা বলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৯. **শাহ আলী ওয়াশিং এন্ড ডাইং; প্লট নং- ৪৩, রোড নং- ০৩, ব্লক-কে, সেকশন-২, রুপনগর শিল্প এলাকা, মিরপুর, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ডেনিম ও টুইল ফেব্রিক্স ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট মহানগর কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য কারখানার অনুকূলে ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনসহ পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ১৩০০ পিস ডেনিম ও টুইল ফেব্রিক্স ওয়াশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ২ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) কারখানা সৃষ্ট তরল বর্জ্য অপরিশোধিত অবস্থায় কোনক্রমেই পরিবেশে নির্গমণ করা যাবেনা।

ঘ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঙ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, $BOD_5$, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

চ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে স্থাপিত ফ্লো মেজারিং ডিভাইস সর্বদা কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ছ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্লাজ ড্রাইং বেড যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

জ) ETP'র স্ল্যাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করে আগামী ৩(তিন) মাসের মধ্যে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঝ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঞ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ট) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঠ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ড) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;

ঢ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে এ ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;

ণ) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ত) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

থ) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

দ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

ধ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ন) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

১০. **মেসার্স জামান এন্টারপ্রাইজ, তেঘরিয়া, দক্ষিণ কেরানীগঞ্জ, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পুরাতন ইলেকট্রনিক্স সামগ্রীর বিভিন্ন ধরনের যন্ত্রাংশ পৃথকীকরণ করে কম্পিউটার মাদারবোর্ড, র‍্যাম, গ্রাফিক্স কার্ড, সার্কিট বিদেশে রপ্তানী ও অন্যান্য যন্ত্রাংশ রিসাইক্লিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র পুরাতন ইলেকট্রনিক্স সামগ্রীর বিভিন্ন ধরনের যন্ত্রাংশ পৃথকীকরণ করে কম্পিউটার মাদারবোর্ড, র‍্যাম, গ্রাফিক্স কার্ড, সার্কিট বিদেশে রপ্তানী ও অন্যান্য যন্ত্রাংশ রিসাইক্লিং কার্যক্রমের জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) ইএমপি প্রতিবেদনে উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকরিভাবে চালু রাখতে হবে।

গ) কারখানায় কোনো প্রকার লেড এসিড ব্যাটারি প্রক্রিয়াকরণ বা পুনঃচক্রায়ন করা যাবে না। তবে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রধারী প্রতিষ্ঠানের নিকট বিক্রয় অথবা বিদেশে রিসাইক্লিং-এর জন্য রপ্তানী করা যাবে।

ঘ) টেলিকম সংশ্লিষ্ট যন্ত্রপাতি ভাঙ্গার কার্যক্রমের মাধ্যমে যাতে পারিপার্শ্বিক পরিবেশ ও জীব বৈচিত্রের উপর কোন বিরূপ প্রভাব না ফেলে সে বিষয়ে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঙ) প্রতিটি লটের যন্ত্রপাতসিমূহ ধ্বংসের স্থান, তারিখ ও সময় পরিবেশ অধিদপ্তরকে কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে অবহিত করতে হবে। যন্ত্রপাতসিমূহ ধ্বংসের কাজ শুরু করা থেকে শেষ করা পর্যন্ত পরিবেশ অধিদপ্তরের একজন প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং প্রতিটি লটের ধ্বংসের কার্যক্রম সমাপ্তির পর এর উপর একটি সমাপ্তি প্রতিবেদন পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

চ) ধ্বংসযোগ্য মালামালসমূহ (লৌহজাত স্ক্রাপ) পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রধারী রি-রোলিং/ষ্টীল মিল এবং রিসাইকেলেবল দ্রব্যাদিসমূহ নির্ধারিত রি-সাইক্লিংকারী প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোথাও বিক্রয় অথবা ব্যবহার করা যাবে না।

ছ) কোন ধরনের পিভিসি অথবা প্লাস্টিক দ্রব্য রি-রোলিং মিলে অথবা অন্য কোনভাবে পোড়ানো যাবে না।

জ) কোন ধরনের Radioactive বস্তু থাকলে তা বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের পরামর্শ অনুসারে অপসারণ করতে হবে।

ঝ) ইলেকট্রনিক বর্জ্য (ই-ওয়েস্ট) (যেমন-সার্কিট বোর্ড) হ্যান্ডলিং ও অপসারনের ক্ষেত্রে ISM (Isolate, Store, Monitor) পদ্ধতি অনুসরণ করতে হবে অথবা বিদেশে রিসাইক্লিং-এর জন্য রপ্তানী করা যাবে।

ঞ) ঝুঁকিপূর্ণ বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনা বিধিমালা,২০২১ এর বিধি ৮ এ উল্লিখিত দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে।

ট) ই-বর্জ্য ব্যবস্থাপনার জন্য নিবন্ধন গ্রহণের লক্ষ্যে বিধিবদ্ধ পদ্ধতিতে পরিবেশ অধিদপ্তরে ঢাকা জেলা কার্যালয়ে আবেদন করতে হবে।

ঠ) কারখানায় স্থাপিত জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ড) ডমেস্টিক তরল বর্জ্য পরিশোধন ও অপসারণের ক্ষেত্রে সেপটিক ট্যাংক ও সোকওয়েল ব্যবহার করতে হবে।

ঢ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ণ) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটি গ্লাস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। শ্রমিকদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করতে হবে এবং এতদসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ত) কারখানা চত্বরের ন্যূনতম ৩৩% জায়গা উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

থ) কারখানার শব্দ এবং তরল/বায়বীয় বর্জ্যের নির্গমন/নিঃসরণমাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

দ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ধ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

১১. **পুর্বানী ইয়ার্ন ডাইং লিমিটেড; নুরবাগ, মৌচাক, কালিয়াকৈর, গাজীপুর** (প্রকল্প কার্যক্রম: গ্রে ইয়ার্ন ডাইং ও স্ক্রিন প্রিন্টিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত

সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক গত ২০/০৬/২০১৩ তারিখে পরিবেশ/ঢাবি/গাঃজেঃ/১৩১১৩/ছাড়-৮৪ সংখ্যক স্মারকমূলে জারীকৃত পরিবেশগত ছাড়পত্র বাতিলপূর্বক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ১০ টন ইয়ার্ন ডাইং ৫০,০০০ পিস স্ক্রিন প্রিন্টিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ৫০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট (যেমন: ডাইং) বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (Temperature, Color, pH, $BOD_5$, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে স্থাপিত ফ্লো মেজারিং ডিভাইস সর্বদা কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্থাপিত স্ক্রু প্রেস যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) ETP'র স্লাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করে আগামী ৩(তিন) মাসের মধ্যে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

জ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঞ) আগামী ৬(ছয়) মাসের মধ্যে STP ড্রইং, ডিজাইন এবং ক্যালকুলেশন দাখিল করতে হবে।

ট) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঠ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ড) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঢ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ণ) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ত) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

থ) আগামী ৬(ছয়) মাসের মধ্যে Water recycle and reuse করার জন্য জিরো ডিসচার্জ প্ল্যান দাখিল করতে হবে।

দ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ধ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

১২. **কুন লুন ইন্ডাস্ট্রিয়াল কোং লিমিটেড; ১৯১, যাত্রামুড়া, তারাব পৌরসভা, রুপগঞ্জ, নারায়ণগঞ্জ** [শিল্প/প্রকল্প কার্যক্রম: ফাইবার গ্লাস বাল্ক হেড (ব্যাটারি সেপারেটর পেপার) প্রস্তুত]: উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং ঢাকা অঞ্চল কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক গত ২১/০৮/২০২২ তারিখে ছাড়পত্র নম্বর: ২২-৮২৫৮৪ সংখ্যক স্মারকমূলে জারীকৃত পরিবেশগত ছাড়পত্র বাতিলপূর্বক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ কারখানায় দৈনিক ৩ মেট্রিক টন ফাইবার গ্লাস বাল্ক হেড (ব্যাটারি সেপারেটর পেপার) উৎপাদনের জন্য এ ছাড়পত্র প্রযোজ্য হবে। কারখানার উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) ইএমপি প্রতিবেদনে উল্লিখিত সকল মিটিগেশন মেজার্স সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

গ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট তরল বর্জ্য সেটলিং ট্যাঙ্কে রেখে উৎপাদন প্রক্রিয়ায় পুনরায় ব্যবহার করতে হবে।

ঘ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট তরল বর্জ্যের নির্গমন ও বায়বীয় নিঃসরণ পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ঙ) উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট কঠিন বর্জ্য পুনচক্রায়ন করতে হবে। পুনচক্রায়নের অনুপযোগী কঠিন বর্জ্য পরিবেশসম্মতভাবে পরিত্যাজন (Disposal) করতে হবে।

ঙ) কারখানার রাসায়নিক বহনকারী খালি ড্রাম/ কনটেইনার দূষণমুক্ত না করে বিক্রয় করা যাবে না।

চ) কারখানার মেঝে ধৌত/ মেশিনারিজ ওয়াশিং পানি কোনো অবস্থাতেই সরাসরি পরিবেশে নির্গমন করা যাবে না। সেটলিং ট্যাঙ্কে থিতিয়ে বিধিবদ্ধ মানমাত্রার মধ্যে থাকা সাপেক্ষে উপরের পরিস্কার পানি নির্গমন করতে হবে।

ছ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

জ) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য সুরক্ষার জন্য ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী (যেমন: হেলমেট, ইয়ার মাফলার, বুট) পরিধান করতে হবে।

ঝ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঞ) কারখানার শব্দ এবং তরল/ বায়বীয় বর্জ্যের নিঃসরণ/ নির্গমন মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ট) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ঠ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

## (গ) ইআইএ-র কার্যপরিধি (ToR) অনুমোদন: সুপারিশকৃত শিল্প/ প্রকল্পসমূহ

১. **আড়াইহাজার (জাপানিজ) অর্থনৈতিক অঞ্চল (ফেইজ-২), আড়াইহাজার, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: অর্থনৈতিক অঞ্চল নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের ইআইএ-র কার্যপরিধি প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে নীতিগতভাবে অনুমোদনের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি সদর দপ্তর থেকে উদ্যোক্তাকে পত্র দ্বারা অবহিত করতে হবে।

২. **মুসতানজীদ মেডিসিটি কুষ্টিয়া; ১৩০, রামচন্দ্র রায়চৌধুরী স্ট্রিট, কোর্টপাড়া, কুষ্টিয়া** (শিল্প/প্রকল্প কার্যক্রম: হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-র কার্যপরিধি (ToR), সংশ্লিষ্ট কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের ইআইএ-র কার্যপরিধি প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে নীতিগতভাবে অনুমোদনের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি সদর দপ্তর থেকে উদ্যোক্তাকে পত্র দ্বারা অবহিত করতে হবে।

৩. **গ্রেটওয়াল হাইটেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড; চকপাড়া, মাওনা, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ব্যাটারি, পাওয়ার স্টোরেজ সিস্টেম ও ইলেকট্রিক ভেহিকল ব্যাটারি উৎপাদন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইআইএ-র কার্যপরিধি (ToR), পরিদর্শন প্রতিবেদন, সদর দপ্তর কর্তৃক সরজমিন পরিদর্শন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের ইআইএ-র কার্যপরিধি প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে নীতিগতভাবে অনুমোদনের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি সদর দপ্তর থেকে উদ্যোক্তাকে পত্র দ্বারা অবহিত করতে হবে।

## (ঘ) অবস্থানগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (লাল শ্রেণি)

১. **Construction of New Dual Gauge Railway Siding line from Ghorashal Railway Station to Polash Urea Fertilizer Factory by Bangladesh Railway** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ৫.৮ কি.মি. রেললাইন নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে ইআইএ প্রতিবেদন অনুমোদনসহ অবস্থানগত ছাড়পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

২. **হোসেন্দী ইকোনমিক জোন, হোসেন্দী, গজারিয়া, মুন্সীগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ১৪৪.৫৫১১ একরবিশিষ্ট অর্থনৈতিক অঞ্চল নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, সংশোধিত ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে গত ০৭/০৪/২০১৯ তারিখের ২২.০২.৫৯২৪.১৪৪.৭২.০১১.১৯.১৪৪ সংখ্যক স্মারকে জারীকৃত ইআইএ অনুমোদন বাতিলপূর্বক সংশোধিত ইআইএ প্রতিবেদন অনুমোদনসহ অবস্থানগত ছাড়পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

৩. **বসুন্ধরা ফাইন পেপার মিলস লিমিটেড, মেঘনাঘাট, নিউটাউন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফাইন পেপার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সংশোধিত ইআইএ প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে নারায়ণগঞ্জ জেলা কার্যালয় থেকে নিম্নবর্ণিত শর্তে ইআইএ প্রতিবেদন অনুমোদনসহ অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ অবস্থানগত ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৭০ মেট্রিক টন ফাইন পেপার উৎপাদনকারী কারখানা স্থাপনের জন্য প্রযোজ্য হবে;

খ) অবকাঠামোগত উন্নয়নের আওতায় অন্যান্য বিষয়ের মধ্যে ইআইএ প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

গ) কারখানাটিতে ফাইন পেপার প্রস্তুত কার্যক্রমের ফলে সৃষ্ট তরল বর্জ্য পরিশোধনের জন্য কারখানার অভ্যন্তরে বিদ্যমান বসুন্ধরা মাল্টি পেপার মিলস লিমিটেডের ২৫০ ঘনমিটার/ঘণ্টা ক্ষমতাসম্পন্ন কমন ETP এর মাধ্যমে পরিশোধনের জন্য পাইপলাইন/ ড্রেনেজ ব্যবস্থা বাস্তবায়ন করতে হবে।

ঘ) পরিশোধিত তরল বর্জ্য রিজার্ভ ট্যাংকে সংরক্ষণপূর্বক ১০০% পুনঃব্যবহারের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গড়ে তুলতে হবে।

ঙ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

চ) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য সুরক্ষার জন্য ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী (যেমন: হেলমেট, মাস্ক, ইয়ার মাফলার, বুট) পরিধান করতে হবে।

ছ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

জ) কারখানার শব্দ এবং বায়বীয় বর্জ্যের নিঃসরণ মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ঝ) এই ছাড়পত্রে বর্ণিত পরিবেশগত ব্যবস্থাপনাসহ সকল মিটিগেশন মেজারস বাস্তবায়ন করে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন দাখিল করতে হবে।

ঞ) পরিবেশগত ছাড়পত্র ব্যতীত কারখানার উৎপাদন কার্যক্রম শুরু করা যাবে না।

ট) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ঠ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৪. **হেলথ ল্যান্ড মার্ক হোল্ডিং লিমিটেড; (সিলডন হাসপাতাল), খরাদিপাড়া, শিবগঞ্জ, সিলেট** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইআইএ প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে সিলেট জেলা কার্যালয় থেকে নিম্নবর্ণিত শর্তে ইআইএ প্রতিবেদন অনুমোদনসহ অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ অবস্থানগত ছাড়পত্র ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল স্থাপনের জন্য প্রযোজ্য হবে।

খ) অবকাঠামোগত উন্নয়নের আওতায় অন্যান্য বিষয়ের মধ্যে ইআইএ প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

গ) হাসপাতালটির কার্যক্রমের সৃষ্ট চিকিৎসা তরল বর্জ্য ও পয়ঃবর্জ্য সম্মিলিতভাবে পরিশোধনের জন্য অত্র কার্যালয়ে দাখিলকৃত ড্রইং, ডিজাইন অনুযায়ী ৬ ঘনমিটার/ঘণ্টা ক্ষমতাসম্পন্ন WWTP নির্মাণ সম্পন্ন করতে হবে।

ঘ) হাসপাতালের WWTP'র ইনলেট ও আউটলেটে পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে।

ঙ) WWTP'র স্ল্যাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করতে হবে এবং পরিবেশগত ছাড়পত্রের আবেদনের সাথে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

চ) হাসপাতালের পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে। হাসপাতালের WWTP পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং WWTP'র Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ হাসপাতালে নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ছ) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য সুরক্ষার জন্য ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী (যেমন: হেলমেট, মাস্ক, ইয়ার মাফলার, বুট) পরিধান করতে হবে।

জ) হাসপাতাল চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঝ) হাসপাতালের শব্দ এবং বায়বীয় বর্জ্যের নিঃসরণ মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ঞ) এই ছাড়পত্রে বর্ণিত পরিবেশগত ব্যবস্থাপনাসহ সকল মিটিগেশন মেজারস বাস্তবায়ন করে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন দাখিল করতে হবে।

ট) পরিবেশগত ছাড়পত্র ব্যতীত হাসপাতালের কার্যক্রম শুরু করা যাবে না।

ঠ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

## (ঙ) অবস্থানগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (কমলা শ্রেণি)

১. **Drilling of 02 (Two) Deep Exploration wells at Titas and Bakhrabad Gas Fields Project, Jahapur, Muradpur, Cumilla** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গভীর গ্যাসকূপ খনন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, আইইই প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে অবস্থানগত ছাড়পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

২. **রামগড় স্থলবন্দর উন্নয়ন; বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, রামগড়, খাগড়াছড়ি পার্বত্য জেলা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্থলবন্দর নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, ৫১৮ তম সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত নম্বর: ঝ/৯ বাতিলপূর্বক আলোচ্য প্রকল্পের অনুকূলে গত ০৭/০২/২০২১ তারিখে ২২.০২.০০০০.০১৮.৭২.০০৮.২১.৪২ সংখ্যক স্মারকের মাধ্যমে জারীকৃত অবস্থানগত ছাড়পত্র বাতিলপূর্বক সদর দপ্তর হতে উপর্যুক্ত শর্ত আরোপ করে সংশোধিত অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

৩. **মেসার্স শাহজালাল কর্পোরেশন; নূরপুর উত্তর, সদর, হবিগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ব্যাটারি রিসাইক্লিং করে লেড বার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, আইইই প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে হবিগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ অবস্থানগত ছাড়পত্র পুরাতন লেড অ্যাসিড ব্যাটারি রিসাইক্লিং করে দৈনিক ১২ টন সীসার বার প্রস্তুতের জন্য প্রযোজ্য।

খ) অবকাঠামোগত উন্নয়নের আওতায় অন্যান্য বিষয়ের মধ্যে আইইই প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

গ) সংগৃহীত পুরাতন লেড অ্যাসিড ব্যাটারি Saw Method অথবা Hammer Mill Breaker পদ্ধতি অথবা Semi-automated পদ্ধতিতে ব্যাটারি ভাঙার কার্যক্রম পরিচালনা করতে হবে। কোনো অবস্থাতেই উন্মুক্ত পদ্ধতিতে ব্যাটারি ভাঙার কার্যক্রম পরিচালনা করা যাবে না।

ঘ) ব্যাটারি ভাঙার স্থানে Local exhaust ventilation (LEV) স্থাপন করে LEV এর Outlet ব্যাগ হাউজ এবং স্ক্রাবারের সাথে যুক্ত করতে হবে। স্ক্রাবারের তরল বর্জ্য ইটিপিতে পরিশোধন করতে হবে।

ঙ) ফার্নেস হতে সালফার-ডাই-অক্সাইড ($SO_2$) নিঃসরণরোধে Pre-desulfurization এবং In-situ desulfurization ব্যবস্থাপনা গড়ে তুলতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে স্ক্র্যাপ আয়রন, সোডা অ্যাশ (সোডিয়াম কার্বনেট) এবং Gas Scrubbing System রাখতে হবে।

চ) ফার্নেস হতে সৃষ্ট ডাস্ট/ধোঁয়া যথাক্রমে কুলিং ডাক্ট, ফিল্টার প্লান্ট/ব্যাগ হাউজ, অ্যালকালাইন Scrubbing System হয়ে সুউচ্চ চিমনির মাধ্যমে Ventilation ব্যবস্থা গড়ে তুলতে হবে। এতে সৃষ্ট Dross/ Slag সংরক্ষণের জন্য Closed Storage এবং Auto bagging system গড়ে তুলতে হবে।

ছ) ব্যাটারি ভাঙার ফলে সৃষ্ট প্লাস্টিক প্রথমে অ্যালকালাইন দ্রবণে উত্তমরূপে ওয়াশ করতে হবে এবং পরিস্কার পানিতে পুনরায় ওয়াশ করার পর রিসাইকল ম্যাটেরিয়াল হিসেবে ব্যবহার করতে হবে। এর ফলে সৃষ্ট তরল বর্জ্য ইটিপিতে পরিশোধন করতে হবে।

জ) কারখানা পরিচালনাকালে এর অভ্যন্তরের মেঝে সর্বদা সিক্ত রাখার ব্যবস্থা করতে হবে।

ঝ) অ্যাসিডযুক্ত ব্যাটারি ভাঙার পূর্বে অ্যাসিড Drainout এর ব্যবস্থা রাখতে হবে। উক্ত অ্যাসিডসহ অন্যান্য তরল বর্জ্য অত্র কার্যালয়ে দাখিলকৃত ড্রইং, ডিজাইন অনুযায়ী ৫০০ লিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন ETP নির্মাণ সম্পন্ন করতে হবে।

ঞ) কারখানার সীসামিশ্রিত কঠিন বর্জ্য কোনোক্রমেই পরিবেশে নিক্ষেপ করা যাবে না। এ ধরনের বর্জ্য পুনঃব্যবহার উপযোগী না হলে তা কেবলমাত্র পরিবেশ অধিদপ্তরের অনুমতিক্রমে বিশেষ প্রক্রিয়ায় Secure Landfill-এর ব্যবস্থা করতে হবে।

ট) কারখানার ব্যাটারি ভাঙার সেকশনে বাধ্যতামূলকভাবে কর্মরত শ্রমিকদের Long sleeved plastic apron, Nitrile gloves, Safety helmet with visor, waterproof সেফটি বুট Neoprene Cartridge Dust Respirator Musk এবং ব্যাগ হাউজ সংস্কার Dross/ Slag লোডিং/আনলোডিং-এর সময় কর্মরত শ্রমিকদের সম্পূর্ণ হুডযুক্ত ও সম্পূর্ণ শরীরাবৃত Apron, gloves & leggings, ওয়াটারপ্রুফ বুট, Breathing apparatus-সহ Full face mask-এর ব্যবহারের ব্যবস্থা রাখতে হবে।

ঠ) প্রত্যেক শ্রমিকের জন্য পৃথকভাবে কর্মকালীন পোশাক এবং জুতা পরিবর্তনের জন্য Changing Room রাখতে হবে। প্রতিদিনের কর্মকালীন পোশাক প্রতিদিন ওয়াশের ব্যবস্থা রাখতে হবে এবং এর ফলে সৃষ্ট তরল বর্জ্য ইটিপিতে পরিশোধনের ব্যবস্থা রাখতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে অন্যান্য সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ড) কারখানায় স্বাস্থ্য, পেশাগত নিরাপত্তা ও পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে এবং নিয়োজিত শ্রমিক/কর্মচারীদের Health, safety & Environment বিষয়ে নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা গড়ে তুলতে হবে।

ঢ) অগ্নি নির্বাপনকল্পে কারখানায় যথোপযুক্ত ব্যবস্থাদি যথা: ফায়ার এক্সিট, ফোমিং কম্পাউন্ডসহ ফায়ার হাইড্রেন্ট, ইমারজেন্সি লাইট স্থাপন, ভূ-গর্ভস্থ/ভূ-উপরিস্থ জলাধারে সর্বদা পর্যাপ্ত পানি সংরক্ষণ ইত্যাদি ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ণ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ত) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

থ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৪. **রবি ব্যাটারি এন্ড রিসাইক্লিং, চৌমুহনী, কসবা, ব্রাহ্মণবাড়িয়া** (শিল্প/প্রকল্প কার্যক্রম: লেডবার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, আইইই প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে ব্রাহ্মণবাড়িয়া জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ অবস্থানগত ছাড়পত্র পুরাতন লেড অ্যাসিড ব্যাটারি রিসাইক্লিং করে দৈনিক ৭ টন লেডবার প্রস্তুতের কারখানা স্থাপনের জন্য প্রযোজ্য।

খ) অবকাঠামোগত উন্নয়নের আওতায় অন্যান্য বিষয়ের মধ্যে আইইই প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

গ) সংগৃহীত পুরাতন লেড অ্যাসিড ব্যাটারি Saw Method অথবা Hammer Mill Breaker পদ্ধতি অথবা Semi-automated পদ্ধতিতে ব্যাটারি ভাঙার কার্যক্রম পরিচালনা করতে হবে। কোনো অবস্থাতেই উন্মুক্ত পদ্ধতিতে ব্যাটারি ভাঙার কার্যক্রম পরিচালনা করা যাবে না।

ঘ) ব্যাটারি ভাঙার স্থানে Local exhaust ventilation (LEV) স্থাপন করে LEV এর Outlet ব্যাগ হাউজ এবং স্ক্রাবারের সাথে যুক্ত করতে হবে। স্ক্রাবারের তরল বর্জ্য ইটিপিতে পরিশোধন করতে হবে।

ঙ) ফার্নেস হতে সালফার-ডাই-অক্সাইড ($SO_2$) নিঃসরণরোধে Pre-desulfurization এবং In-situ desulfurization ব্যবস্থাপনা গড়ে তুলতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে স্ক্র্যাপ আয়রন, সোডা অ্যাশ (সোডিয়াম কার্বনেট) এবং Gas Scrubbing System রাখতে হবে।

চ) ফার্নেস হতে সৃষ্ট ডাস্ট/ধোঁয়া যথাক্রমে কুলিং ডাক্ট, ফিল্টার প্লান্ট/ব্যাগ হাউজ, অ্যালকালাইন Scrubbing System হয়ে সুউচ্চ চিমনির মাধ্যমে Ventilation ব্যবস্থা গড়ে তুলতে হবে। এতে সৃষ্ট Dross/ Slag সংরক্ষণের জন্য Closed Storage এবং Auto bagging system গড়ে তুলতে হবে।

ছ) ব্যাটারি ভাঙার ফলে সৃষ্ট প্লাস্টিক প্রথমে অ্যালকালাইন দ্রবণে উত্তমরূপে ওয়াশ করতে হবে এবং পরিস্কার পানিতে পুনরায় ওয়াশ করার পর রিসাইকল ম্যাটেরিয়াল হিসেবে ব্যবহার করতে হবে। এর ফলে সৃষ্ট তরল বর্জ্য ইটিপিতে পরিশোধন করতে হবে।

জ) কারখানা পরিচালনাকালে এর অভ্যন্তরের মেঝে সর্বদা সিক্ত রাখার ব্যবস্থা করতে হবে।

ঝ) অ্যাসিডযুক্ত ব্যাটারি ভাঙার পূর্বে অ্যাসিড Drainout এর ব্যবস্থা রাখতে হবে। উক্ত অ্যাসিডসহ অন্যান্য তরল বর্জ্য অত্র কার্যালয়ে দাখিলকৃত ড্রইং, ডিজাইন অনুযায়ী ৫০০ লিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন ETP নির্মাণ সম্পন্ন করতে হবে।

ঞ) কারখানার সীসামিশ্রিত কঠিন বর্জ্য কোনোক্রমেই পরিবেশে নিক্ষেপ করা যাবে না। এ ধরনের বর্জ্য পুনঃব্যবহার উপযোগী না হলে তা কেবলমাত্র পরিবেশ অধিদপ্তরের অনুমতিক্রমে বিশেষ প্রক্রিয়ায় Secure Landfill-এর ব্যবস্থা করতে হবে।

ট) কারখানার ব্যাটারি ভাঙার সেকশনে বাধ্যতামূলকভাবে কর্মরত শ্রমিকদের Long sleeved plastic apron, Nitrile gloves, Safety helmet with visor, waterproof সেফটি বুট Neoprene Cartridge Dust Respirator Musk এবং ব্যাগ হাউজ সংস্কার Dross/ Slag লোডিং/আনলোডিং-এর সময় কর্মরত শ্রমিকদের সম্পূর্ণ হুডযুক্ত ও সম্পূর্ণ শরীরাবৃত Apron, gloves & leggings, ওয়াটারপ্রুফ বুট, Breathing apparatus-সহ Full face mask-এর ব্যবহারের ব্যবস্থা রাখতে হবে।

ঠ) প্রত্যেক শ্রমিকের জন্য পৃথকভাবে কর্মকালীন পোশাক এবং জুতা পরিবর্তনের জন্য Changing Room রাখতে হবে। প্রতিদিনের কর্মকালীন পোশাক প্রতিদিন ওয়াশের ব্যবস্থা রাখতে হবে এবং এর ফলে সৃষ্ট তরল বর্জ্য ইটিপিতে পরিশোধনের ব্যবস্থা রাখতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে অন্যান্য সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ড) কারখানায় স্বাস্থ্য, পেশাগত নিরাপত্তা ও পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে এবং নিয়োজিত শ্রমিক/কর্মচারীদের Health, safety & Environment বিষয়ে নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা গড়ে তুলতে হবে।

ঢ) অগ্নি নির্বাপনকল্পে কারখানায় যথোপযুক্ত ব্যবস্থাদি যথা: ফায়ার এক্সিট, ফোমিং কম্পাউন্ডসহ ফায়ার হাইড্রেন্ট, ইমারজেন্সি লাইট স্থাপন, ভূ-গর্ভস্থ/ভূ-উপরিস্থ জলাধারে সর্বদা পর্যাপ্ত পানি সংরক্ষণ ইত্যাদি ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ণ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ত) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

থ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৫. **হামিদ টেক্স ফ্যাশন লিমিটেড (ওয়াশিং ডিভিশন); মেহেরাবাড়ি, হাজির বাজার, ভালুকা, ময়মনসিংহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নিট ফেব্রিক্স, গার্মেন্টস ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং পরিবেশগত ব্যবস্থাপনার উপর উদ্যোক্তা/তার মনোনীত প্রতিনিধি কর্তৃক প্রদত্ত উপস্থাপনা সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে ঢাকা ময়মনসিংহ জেলা কার্যালয় থেকে নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ অবস্থানগত ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ১২,০০০ পিস রেডিমেইড গার্মেন্টস ওয়াশিং কারখানা স্থাপনের জন্য প্রযোজ্য হবে।

খ) অবস্থানগত ছাড়পত্রের আওতায় ভূমি ও অবকাঠামোগত উন্নয়নসহ সকল প্রকার যন্ত্রপাতি স্থাপন করা যাবে। এ ক্ষেত্রে আইইই প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

গ) কারখানাটিতে উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট তরল বর্জ্য পরিশোধনের জন্য অত্র কার্যালয়ে দাখিলকৃত ড্রইং, ডিজাইন অনুযায়ী ৩৫ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন ETP নির্মাণ সম্পন্ন করতে হবে।

ঘ) কারখানার তরল বর্জ্য পরিশোধনাগার বা ETP'র ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে।

ঙ) ETP'র স্লাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করতে হবে এবং পরিবেশগত ছাড়পত্রের আবেদনের সাথে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

চ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে। কারখানার ETP পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP'র Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ছ) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য সুরক্ষার জন্য ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী (যেমন: হেলমেট, মাস্ক, ইয়ার মাফলার, বুট) পরিধান করতে হবে।

জ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঝ) কারখানার শব্দ এবং বায়বীয় বর্জ্যের নিঃসরণ মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ঞ) এই ছাড়পত্রে বর্ণিত পরিবেশগত ব্যবস্থাপনাসহ সকল মিটিগেশন মেজারস বাস্তবায়ন করে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন দাখিল করতে হবে।

ট) পরিবেশগত ছাড়পত্র ব্যতীত কারখানার উৎপাদন কার্যক্রম শুরু করা যাবে না।

ঠ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

৬. **কেমিস্ট ল্যাবরেটরীজ লিমিটেড (ইউনিট-০২); কলসগ্রাম, ছয়মাইল, কাশিপুর, বরিশাল** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ওষুধ ফর্মুলেশন): ৫১৮তম সভার ট/১ নম্বর সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পুনঃপর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে বরিশাল জেলা কার্যালয় থেকে নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ অবস্থানগত ছাড়পত্র ফর্মুলেশন পদ্ধতিতে ওষুধ প্রস্তুতকারী কারখানা স্থাপনের জন্য প্রযোজ্য হবে।

খ) অবস্থানগত ছাড়পত্রের আওতায় ভূমি ও অবকাঠামোগত উন্নয়নসহ সকল প্রকার যন্ত্রপাতি স্থাপন করা যাবে। এ ক্ষেত্রে আইইই প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

গ) কারখানাটিতে উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট তরল বর্জ্য পরিশোধনের জন্য অত্র কার্যালয়ে দাখিলকৃত ড্রইং, ডিজাইন অনুযায়ী ১ ঘনমিটার/ ঘন্টা ক্ষমতাসম্পন্ন ETP নির্মাণ সম্পন্ন করতে হবে।

ঘ) কারখানার তরল বর্জ্য পরিশোধনাগার বা ETP'র ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে।

ঙ) ETP'র স্লাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করতে হবে এবং পরিবেশগত ছাড়পত্রের আবেদনের সাথে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

চ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে। কারখানার ETP পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP'র Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ছ) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য সুরক্ষার জন্য ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী (যেমন: হেলমেট, মাস্ক, ইয়ার মাফলার, বুট) পরিধান করতে হবে।

জ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঝ) কারখানার শব্দ এবং বায়বীয় বর্জ্যের নিঃসরণ মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ঞ) এই ছাড়পত্রে বর্ণিত পরিবেশগত ব্যবস্থাপনাসহ সকল মিটিগেশন মেজারস বাস্তবায়ন করে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন দাখিল করতে হবে।
ট) পরিবেশগত ছাড়পত্র ব্যতীত কারখানার উৎপাদন কার্যক্রম শুরু করা যাবে না।
ঠ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

## (চ) অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্র নবায়ন অনুমোদন: সুপারিশকৃত শিল্প/ প্রকল্পসমূহ

১. **Expansion and Strengthening of Power System Network under DPDC Area (G to G) Project** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ ও শক্তিশালীকরণ) উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র এবং অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে গত ০৮/০৯/২০১৬ তারিখের DoE/Clearance/5542/2016/405 সংখ্যক স্মারকের মাধ্যমে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের প্রদত্ত শর্তসমূহ অপরিবর্তিত রেখে পরবর্তী মেয়াদের জন্য অবস্থানগত ছাড়পত্র নবায়নের সুপারিশ গৃহীত হয়।

২. **SASEC Dhaka Sylhet Corridor Road Improvemnet Project under Roads & Highways Department** (শিল্প/প্রকল্প কার্যক্রম: মহাসড়ক উন্নয়ন) উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র এবং অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে গত ১১/০৮/২০২১ তারিখের 22.02.0000.018.72.067.21.120 সংখ্যক স্মারকের মাধ্যমে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের প্রদত্ত শর্তসমূহ অপরিবর্তিত রেখে পরবর্তী মেয়াদের জন্য অবস্থানগত ছাড়পত্র নবায়নের সুপারিশ গৃহীত হয়।

## (ছ) ইটিপি/ এসটিপি/ সিইটিপি/ এপিসি নির্মাণ অনুমোদন: সুপারিশকৃত শিল্প/ প্রকল্পসমূহ

১. **আঞ্জুমান ট্রেডিং কর্পোরেশন লিমিটেড; প্লট ই-২৮, বিসিক চামড়া শিল্প নগরী, হরিনধরা, হেমায়েতপুর, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: লবণজাত চামড়া হতে ওয়েট ব্লু লেদার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ক্রোমরিকভারি প্লান্ট ও মেকানিক্যাল ডিসল্টিং প্লান্টের ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে ক্রোমরিকভারি প্লান্ট ও মেকানিক্যাল ডিসল্টিং প্লান্ট নির্মাণ অনুমোদনের সুপারিশ গৃহীত হয়:
   ক) পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত ডিজাইন মোতাবেক কারখানার তরল বর্জ্য পরিশোধনের জন্য দৈনিক ২১ ঘনমিটার ক্ষমতাসম্পন্ন ক্রোমরিকভারি প্লান্ট ও মেকানিক্যাল ডিসল্টিং প্লান্ট নির্মাণ করে সার্বক্ষণিক চালু রাখতে হবে।
   খ) Reactor-এর supernatant soaking/pickling এর জন্য ব্যবহার করতে হবে। Recovered chrome BCS (Basic Chrome Sulfate) এর সাথে মিশ্রিত করে পুনরায় ব্যবহার করতে হবে।

২. **ইয়ামিন ওয়াশিং প্লান্ট-২; আমতলা, কাঠগড়া, জিরাব, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বস্ত্র ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন, পরিদর্শন প্রতিবেদন, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত এবং ৫১৮ তম সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত নম্বর: ঠ/৫ এর আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত জবাব সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে ইটিপি'র নির্মান অনুমোদনের সুপারিশ গৃহীত হয়:
   ক) পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত ডিজাইন মোতাবেক কারখানার তরল বর্জ্য পরিশোধনের জন্য ১০ ঘনমিটার/ঘণ্টা ক্ষমতাসম্পন্ন ইটিপি নির্মাণ করে সার্বক্ষণিক চালু রাখতে হবে।
   খ) Sound Engineering Practice অনুসরণ করে ইটিপি নির্মাণ করতে হবে।
   গ) আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে ইটিপি'র কার্যকারীতা প্রমাণের স্বপক্ষে পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর তরল বর্জ্য নমুনার বিশ্লেষিত ফলাফল দাখিল করতে হবে।
   ঘ) ইটিপি'র কার্যকারিতা পরিবীক্ষণে কারখানাটিতে ল্যাব স্থাপন ও পরিচালনার জন্য প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে।
   ঙ) আগামী ১ (এক) মাসের মধ্যে Bangladesh Standard & Guidelines for Sludge Management Plan অনুসারে স্লাজ ব্যবস্থাপনা পরিকল্পনা দাখিল করতে হবে।
   (চ) আগামী ৬(ছয়) মাসের মধ্যে STP ড্রইং, ডিজাইন এবং ক্যালকুলেশন দাখিল করতে হবে।

৩. **শেফার্ড ইন্ডাস্ট্রিজ পিএলসি; কাঠালী, ভালুকা, ময়মনসিংহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বস্ত্র ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন, পরিদর্শন প্রতিবেদন, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে ময়মনসিংহ জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে ইটিপি'র নির্মান অনুমোদনের সুপারিশ গৃহীত হয়:

ক) পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত ডিজাইন মোতাবেক কারখানার তরল বর্জ্য পরিশোধনের জন্য ১১০০০ ঘনমিটার/দৈনিক ক্ষমতাসম্পন্ন ইটিপি নির্মাণ করে সার্বক্ষণিক চালু রাখতে হবে।
খ) Sound Engineering Practice অনুসরণ করে ইটিপি নির্মাণ করতে হবে।
গ) আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে ইটিপি'র কার্যকারীতা প্রমাণের স্বপক্ষে পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর তরল বর্জ্য নমুনার বিশ্লেষিত ফলাফল দাখিল করতে হবে।
ঘ) ইটিপি'র কার্যকারিতা পরিবীক্ষণে কারখানাটিতে ল্যাব স্থাপন ও পরিচালনার জন্য প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে।
ঙ) আগামী ১ (এক) মাসের মধ্যে Bangladesh Standard & Guidelines for Sludge Management Plan অনুসারে স্লাজ ব্যবস্থাপনা পরিকল্পনা দাখিল করতে হবে।
(চ) আগামী ৬(ছয়) মাসের মধ্যে STP ড্রইং, ডিজাইন এবং ক্যালকুলেশন দাখিল করতে হবে।

৪. **ইন্টারন্যাশনাল ট্রেডিং সার্ভিসেস লি: (ওয়াশ ইউনিট), জরুন, কোনাবাড়ী, সদর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বস্ত্র ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন, পরিদর্শন প্রতিবেদন, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে ইটিপি'র নির্মান অনুমোদনের সুপারিশ গৃহীত হয়:
ক) পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত ডিজাইন মোতাবেক কারখানার তরল বর্জ্য পরিশোধনের জন্য ২৫০ ঘনমিটার/ঘণ্টা ক্ষমতাসম্পন্ন ইটিপি নির্মাণ করে সার্বক্ষণিক চালু রাখতে হবে।
খ) Sound Engineering Practice অনুসরণ করে ইটিপি নির্মাণ করতে হবে।
গ) আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে ইটিপি'র কার্যকারীতা প্রমাণের স্বপক্ষে পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর তরল বর্জ্য নমুনার বিশ্লেষিত ফলাফল দাখিল করতে হবে।
ঘ) ইটিপি'র কার্যকারিতা পরিবীক্ষণে কারখানাটিতে ল্যাব স্থাপন ও পরিচালনার জন্য প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে।
ঙ) আগামী ১ (এক) মাসের মধ্যে Bangladesh Standard & Guidelines for Sludge Management Plan অনুসারে স্লাজ ব্যবস্থাপনা পরিকল্পনা দাখিল করতে হবে।
(চ) আগামী ৬(ছয়) মাসের মধ্যে STP ড্রইং, ডিজাইন এবং ক্যালকুলেশন দাখিল করতে হবে।

৫. **ফেব্রিকা নীট কম্পোজিট লিমিটেড; বাসাইদ, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফেব্রিক্স নিটিং, ডাইং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে ইটিপি'র নির্মান অনুমোদনের সুপারিশ গৃহীত হয়:
ক) পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত ডিজাইন মোতাবেক কারখানার তরল বর্জ্য পরিশোধনের জন্য ২৫০ ঘনমিটার/ঘণ্টা ক্ষমতাসম্পন্ন ইটিপি নির্মাণ করে সার্বক্ষণিক চালু রাখতে হবে।
খ) Sound Engineering Practice অনুসরণ করে ইটিপি নির্মাণ করতে হবে।
গ) আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে ইটিপি'র কার্যকারীতা প্রমাণের স্বপক্ষে পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর তরল বর্জ্য নমুনার বিশ্লেষিত ফলাফল দাখিল করতে হবে।
ঘ) ইটিপি'র কার্যকারিতা পরিবীক্ষণে কারখানাটিতে ল্যাব স্থাপন ও পরিচালনার জন্য প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে।
ঙ) আগামী ১ (এক) মাসের মধ্যে Bangladesh Standard & Guidelines for Sludge Management Plan অনুসারে স্লাজ ব্যবস্থাপনা পরিকল্পনা দাখিল করতে হবে।
(চ) আগামী ৬(ছয়) মাসের মধ্যে STP ড্রইং, ডিজাইন এবং ক্যালকুলেশন দাখিল করতে হবে।

৬. **মেসার্স স্মাইল ফুড প্রোডাক্টস লিমিটেড; উত্তর পতেঙ্গা, পতেঙ্গা, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পরিশোধিত ভোজ্য তেল (সয়াবিন) প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট মহানগর কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে চট্টগ্রাম মহানগর কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে ইটিপি'র নির্মান অনুমোদনের সুপারিশ গৃহীত হয়:
ক) পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত ডিজাইন মোতাবেক কারখানার তরল বর্জ্য পরিশোধনের জন্য ৫ ঘনমিটার/ঘণ্টা ক্ষমতাসম্পন্ন ইটিপি নির্মাণ করে সার্বক্ষণিক চালু রাখতে হবে।
খ) Sound Engineering Practice অনুসরণ করে ইটিপি নির্মাণ করতে হবে।
গ) আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে ইটিপি'র কার্যকারীতা প্রমাণের স্বপক্ষে পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর তরল বর্জ্য নমুনার বিশ্লেষিত ফলাফল দাখিল করতে হবে।
ঘ) ইটিপি'র কার্যকারিতা পরিবীক্ষণে কারখানাটিতে ল্যাব স্থাপন ও পরিচালনার জন্য প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে।
ঙ) আগামী ১ (এক) মাসের মধ্যে Bangladesh Standard & Guidelines for Sludge Management Plan অনুসারে স্লাজ ব্যবস্থাপনা পরিকল্পনা দাখিল করতে হবে।
(চ) আগামী ৬(ছয়) মাসের মধ্যে STP ড্রইং, ডিজাইন এবং ক্যালকুলেশন দাখিল করতে হবে।

৭. **নাইস ফেব্রিক্স প্রসেসিং লিমিটেড; খানবাড়ি, মাওনা, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফেব্রিক্স ডাইং, প্রিন্টিং, ওয়াশিং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে ইটিপি'র নির্মান অনুমোদনের সুপারিশ গৃহীত হয়:

ক) পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত ডিজাইন মোতাবেক কারখানার তরল বর্জ্য পরিশোধনের জন্য ২৫০ ঘনমিটার/ঘণ্টা ক্ষমতাসম্পন্ন এসটিপি নির্মাণ করে সার্বক্ষণিক চালু রাখতে হবে।

খ) Sound Engineering Practice অনুসরণ করে এসটিপি নির্মাণ করতে হবে।

গ) আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে এসটিপি'র কার্যকারীতা প্রমাণের স্বপক্ষে পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর তরল বর্জ্য নমুনার বিশ্লেষিত ফলাফল দাখিল করতে হবে।

ঘ) এসটিপি'র কার্যকারিতা পরিবীক্ষণে কারখানাটিতে ল্যাব স্থাপন ও পরিচালনার জন্য প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে।

ঙ) আগামী ১ (এক) মাসের মধ্যে Bangladesh Standard & Guidelines for Sludge Management Plan অনুসারে স্লাজ ব্যবস্থাপনা পরিকল্পনা দাখিল করতে হবে।

## (জ) জিরো ডিসচার্জ প্লান অনুমোদন: সুপারিশকৃত শিল্প/ প্রকল্পসমূহ

১. **প্যারাডাইস ওয়াশিং প্লান্ট লিমিটেড, ২৭৭/৪ (নতুন), ১২৩ (পুরাতন), কবি জসিম উদ্দিন রোড, পাগার, টঙ্গী, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ওয়াশিং, টিন্টিং/ওভার ডাইং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:

ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;

খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;

গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

২. **রাইদা কালেকশনস লিমিটেড; জামিরদিয়া, ভালুকা, ময়মনসিংহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সোয়েটার বুনন ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, ময়মনসিংহ জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:

ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;

খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;

গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

৩. **তিতাস সোয়েটার ইন্ডস্ট্রিজ; কাশিমপুর রোড, কোনাবাড়ি, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সোয়েটার বুনন ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:

ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;

খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;

গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

## (ঝ) সুপারিশবিহীন শিল্প/ প্রকল্পসমূহ: পরিবেশগত ছাড়পত্র

১. **সুবর্ণগ্রাম এ্যামিউজমেন্ট পার্ক লিমিটেড; কাতরারচক, সাওঘাট, ভুলতা, রুপগঞ্জ, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বিনোদন পার্ক ও রিসোর্ট): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি চেকলিস্ট ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত এবং সদর দপ্তরের ০৯/০৭/২০২৪ তারিখের ২২.০২.৬৭০০.১৪০.৭১.১২৭.২২.২৬৬ সংখ্যক স্মারকে গঠিত পরিদর্শন কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। বিস্তারিত পর্যালোচনান্তে, নিম্নবর্ণিত তথ্যসহ পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত কাগজপত্র দাখিলের জন্য নারায়ণগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) যথাযথভাবে পূরণকৃত আবেদন ফরম (ফরম-৩)
(খ) পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা (ইএমপি) প্রতিবেদন;
(গ) মাস্টার লে-আউট প্লান;
(ঘ) মোট জমির তফসিলের বিবরণ (থানা, মৌজা, খতিয়ান, দাগ নং ও জমির পরিমাণ এবং জমির শ্রেণীসহ);
(ঙ) মৌজাম্যাপের উপর Superimposed লে-আউট প্লান;
(চ) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী পয়ঃবর্জ্য পরিশোধনাগার (এসটিপি) এর বিস্তারিত ডিজাইন, ক্যালকুলেশনসহ লেআউট প্লান।

২. **নূর-এ-মদিনা ডাইং এন্ড প্রিন্টিং ইন্ডাস্ট্রিজ; প্লট নং- ০৯, ফ্যাক্টরী রোড, শ্যামপুর-কদমতলী শিল্প এলাকা, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সুতি কাপড় ডাইং, ওয়াশিং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এবং সংশ্লিষ্ট মহানগর কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে উদ্যোক্তা কর্তৃক নিম্নবর্ণিত পরিবেশগত ব্যবস্থাপনাসমূহ বাস্তবায়নপূর্বক সচিত্র তথ্য ছাড়পত্র কমিটিতে প্রেরণের জন্য সদর দপ্তর থেকে বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) ইটিপি'র Coagulation ও Flocculation unit পৃথকভাবে নির্মান এবং তা কার্যকর করতে হবে;
(খ) ইটিপি'র ইনলেটে ফ্লো মেজারিং ডিভাইস যথাযথস্থানে স্থাপন করতে হবে।

৩. **তানভীর ফুড লিমিটেড; মানিকচক, সদর, বগুড়া** (শিল্প/প্রকল্প কার্যক্রম: অটোরাইস মিল ও রাইস ব্রান অয়েল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটি কর্তৃক প্রকল্পটি সরজমিন পরিদর্শনের সুপারিশ গৃহীত হয়।

৪. **রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প; রূপপুর, ঈশ্বরদী, পাবনা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বিদ্যুৎ উৎপাদন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত এবং সদর দপ্তরের ছাড়পত্র কমিটির ৫১৮তম সভার সিদ্ধান্ত মোতাবেক পরিদর্শন কমিটি কর্তৃক পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য সভায় পর্যালোচনা করা হয়। বিস্তারিত পর্যালোচনান্তে, উদ্যোক্তা কর্তৃক নিম্নবর্ণিত বিষয়সমূহ বাস্তবায়নপূর্বক পরিবেশ অধিদপ্তরকে অবহিত করার জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) Radioactive এবং Non Radioactive (Onsite & Offsite) emission মনিটরিং সিস্টেম;
(খ) কঠিন, তরল ও বায়বীয় Radio Active বর্জ্য ব্যবস্থাপনা;
(গ) Low level Radioactive বর্জ্য ব্যবস্থাপনা;
(ঘ) অবস্থানগত ছাড়পত্রের ২৮ নং শর্তের Sanitary Protection Zone/ Buffer Zone নিশ্চিতকরণ;
(ঙ) পয়ঃবর্জ্য পরিশোধন ব্যবস্থা।

৫. **নিউ সানলাইট ব্যাটারি-এস, পুকুরিয়া, ঘিওর, মানিকগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ব্যাটারি রিসাইক্লিং করে সীসার বার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটি কর্তৃক প্রকল্পটি সরজমিন পরিদর্শনের সুপারিশ গৃহীত হয়।

৬. **টার্গেট ডেনিম এন্ড ক্যাজুয়াল ওয়্যার লিমিটেড; ১২৬/২, ইসলামপুর রোড, কড্ডা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সোয়েটার ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
ক) ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, $BOD_5$, COD ও SS) পরীক্ষার ফলাফল দাখিল করতে হবে।

৭. **ন্যাশনাল ড্রাগ কোং লিমিটেড; বড় বাঙ্গালপাড়া, শিমুলিয়া, ধামরাই, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ঔষুধ প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটি কর্তৃক প্রকল্পটি সরজমিন পরিদর্শনের সুপারিশ গৃহীত হয়।

৮. **ঢাকা এভারগ্রিন রিটায়ারমেন্ট হোমস (প্রা.) লিমিটেড; জাঙ্গীর রুপগঞ্জ থানা রোড, রুপগঞ্জ, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রিটায়ারমেন্ট হোমস/ রিসোর্ট): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত তথ্যাদির উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

৯. **নজরুল এন্ড ব্রাদার্স (ইউনিট-০২) লিমিটেড; কাঁচপুর, সোনারগাঁও, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: আলকাতরা, ন্যাপথালিন প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, কারখানাটিতে যন্ত্রপাতি স্থাপনের কাজ সম্পন্ন না হওয়ায় পরিবেশগত ছাড়পত্র প্রদানের কোনো সুযোগ না থাকায় উদ্যোক্তাকে কারখানায় সকল ধরনের যন্ত্রপাতি স্থাপনের পর পরিবেশ অধিদপ্তরের নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন দাখিলের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি নারায়ণগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবর পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

১০. **গোলেছা ডিজাইন এন্ড লন্ড্রি ওয়াশ; ৫৭, শিলমুন, টঙ্গী, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গার্মেন্টস ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রতিষ্ঠানের বিরুদ্ধে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে আপীল কার্যক্রম চলমান থাকায় পরিবেশগত ছাড়পত্রের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের কোনো সুযোগ নেই মর্মে সুপারিশ গৃহীত হয়। বিষয়টি গাজীপুর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবর পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

১১. **জে.কে মেমোরিয়াল হসপিটাল; গহীরা, রাউজান, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ২০০ শয্যাবিশিষ্ট হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য চট্টগ্রাম জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) কঠিন বর্জ্য ব্যবস্থাপনা (সংগ্রহ, পৃথকীকরণ, সংরক্ষণ ও পরিত্যাজনসহ) দাখিল করতে হবে।

১২. **সিরাজগঞ্জ চেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড; খামারগ্রাম, এনায়েতপুর, চৌহালী, সিরাজগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সুতা ডাইং ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত তথ্যাদির উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

১৩. **মেসার্স এন আমিন ট্রেডার্স; দ্বাবারিয়া, শাহজাদপুর, সিরাজগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সুতা ডাইং ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত তথ্যাদির উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

১৪. **মেসার্স ডিফেন্স টেক্সটাইল; খুকনী, এনায়েতপুর, শাহজাদপুর, সিরাজগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সুতা ডাইং ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য মেসার্স ডিফেন্স টেক্সটাইল নামক কারখানার অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সিরাজগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) ড্রেনেজ প্ল্যানসহ পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুসারে ইটিপি-র ড্রইং, ডিজাইন ও ক্যালকুলেশন দাখিল করতে হবে।

(খ) প্রতি পাতায় উদ্যোক্তার স্বাক্ষরসহ সঠিকভাবে পূরণকৃত ইএমপি চেকলিস্ট দাখিল করতে হবে;

(গ) ফর্ম-৩ সঠিকভাবে পূরণপূর্বক দাখিল করতে হবে;

(ঘ) লোকেশন ম্যাপ দাখিল করতে হবে;

(ঙ) মেসার্স ডিফেন্স শাড়ী এন্ড সিল্ক মিলস নামক কারখানার হালনাগাদ নবায়নের তথ্য দাখিল করতে হবে;

১৫. **আর্টি কম্পোজিট লিমিটেড; কাঠালী, ভালুকা, ময়মনসিংহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গ্রে ফেব্রিক্স ডাইং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত তথ্যাদির উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

১৬. **বাংলাদেশ রিনিউয়েবল অয়েল ইন্ডাস্ট্রিজ লিমিটেড; পূর্ব বেজগাঁও, পাটাভোগ, শ্রীনগর, মুন্সীগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পাইরোলাইটিক অয়েল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য কারখানার অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট কার্বন গুড়া সংগ্রহ ও সংরক্ষণ ব্যবস্থার বিবরণ;

(খ) কারখানার উৎপাদন কার্যক্রম চলাকালে যাতে দুর্ঘটনা না ঘটে তার জন্য কারখানায় কি কি ধরনের সেফটি সিস্টেম গ্রহণ করা হয়েছে তার বিবরণ দাখিল করতে হবে।

১৭. **মেসার্স এস এন্টারপ্রাইজ; মগডেইল, মাতারবাড়ি, মহেশখালী, কক্সবাজার** (শিল্প/প্রকল্প কার্যক্রম: মাতারবাড়ি কয়লাভিত্তিক তাপবিদ্যুৎ প্রকল্প হতে সেপটিক ট্যাংকের তরল ও কঠিন বর্জ্য সংগ্রহপূর্বক চকরিয়া পৌরসভার ডাম্পিং স্টেশনে অপসারণ): উদ্যোক্তা কর্তৃক

দাখিলকৃত আবেদনপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য কক্সবাজার জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) Septage collection, storage, treatment and disposal প্রক্রিয়া সংক্রান্ত তথ্য।

